দৈনিক খবর

তারিখ ... 22 DEC 1990

পৃষ্ঠা ... 9 ... কলাম ... 8 ...

82

# শিক্ষা উপদেষ্টা সকাশে বিসিএস সমন্বয় পরিষদ নেতৃবৃন্দ

বিসিএস সমন্বয় পরিষদের নেতৃবৃন্দ গতকাল অস্থায়ী রাষ্ট্রপতির শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর সাথে তাঁর দফতরে সাক্ষাৎ করেন।

সমন্বয় পরিষদ নেতৃবৃন্দ সাবেক সরকারের আমলে যেসব কর্মকর্তা ক্ষমতার অপব্যবহার করেছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানান এবং দেশে সত্যিকার গণতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সব রকমের সহযোগিতার আশ্বাস দেন।

শিক্ষা উপদেষ্টা সাম্প্রতিক গণতান্ত্রিক আন্দোলনে প্রজাতন্ত্রের কর্মকর্তাদের ভূমিকার প্রশংসা করেন। তিনি আশা প্রকাশ করেন যে, সমন্বয় পরিষদের সদস্যগণ দেশে জনগণের প্রতি জবাবদিহি ও দায়িত্বশীল প্রশাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করবেন এবং তাঁরা ভবিষ্যতে কোন বিশেষ ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থে ব্যবহৃত হবেন না। খবর তথ্যবিবরণী'র।

বিসিএস সমন্বয় পরিষদের আহবায়ক মোস্তাফিজুর রহমান, সদস্য-সচিব আবু আলম শহীদ খান, হাবিবুর রহমান জামালী, আরিফুর রহমান, গাজী মতিউর রহমান, শামসুল হক, জাকিরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।